

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে কালো দিবস পালিত ৫১ নম্বর মামলা থেকে সাত ছাত্রকে অব্যাহতি দেওয়ার দাবি

### বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

গত বছরের ২০ থেকে ২২ আগষ্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রবিক্ষেত্রের ঘটনায় সরকারি নির্মাতনের প্রতিবাদে গতকাল পনিবার বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকেরা কালো দিবস পালন করেছেন। সে ঘটনায় দায়ের করা ৫১(৮) নম্বর মামলা প্রত্যাহারের মাধ্যমে অতিযুক্ত ছাত্রদের অব্যাহতি দেওয়ার দাবি জানিয়েছেন ছাত্র-শিক্ষক সবাই। এ মামলায় অতিযুক্ত সাত ছাত্রের সবাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র।

গত বছরের ২২ আগষ্ট সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় বহু যোগা করায় রাত আটটার মধ্যে শিক্ষার্থীরা উড়িঘড়ি করে আবাদিক হল ছাড়তে বাধ্য হন। সে দিন বিশ্ববিদ্যালয়ের সংস্কারিক শিক্ষার্থী নির্গাজনের শিকার হন বলে অভিযোগ গটে।

পরদিন ২৩ আগষ্ট ঢাকাসহ সব বিভাগীয় শহরে কারফিউ থাকে। রাতে ঢাকা

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আনোয়ার হোসেন ও সামাজিক বিজ্ঞান অনুষদের তিন অধ্যাপক হারুন-অর-রশিদসহ ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মোট পাঁচ শিক্ষককে গ্রেপ্তার করা হয়।

সংশ্লিষ্ট সমাবেশ: গতকাল দুপুর ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাধেয় বাংলার পাদদেশে নির্গাজিত শিক্ষার্থীবৃন্দ ব্যানারে ৫১ নম্বর মামলায় অতিযুক্ত সাত ছাত্রের উদ্যোগে অনুষ্ঠিত সংশ্লিষ্ট সমাবেশে মামলাটি প্রত্যাহারের দাবি জানানো হয়। অতিযুক্ত সাত ছাত্র চলতি বছরের জানুয়ারি মাসে জামিনে মুক্তি পান।

সমাবেশে অতিযুক্ত সাত ছাত্রের দাবি, ছাত্রবিক্ষেত্রের ঘটনায় দায়ের করা অন্য মামলাগুলোর নিষ্পত্তি হলেও উদ্দের মামলাটি সরকার চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এতে সরকারের কোনো লাভ হচ্ছে না। কারণ এই সাত ছাত্রের মধ্যে কেউ অন্য কোনো মামলায় দাগি আসার ঘনি নন।

আগষ্টের ঘটনায় বাড়ি ফিরতে গিয়ে নির্গাজনের শিকার হয়েছেন এমন কয়েকজন শিক্ষার্থী সমাবেশে বলেন, অনেক হল ছাড়ার পর দুর্ভাগের শিকার হয়েছেন। তাঁদের কেউ কেউ ভয়ে নিজেদের পরিচয় লুকানোরও চেষ্টা করেন। কিন্তু ছাত্র নয় বলে দাবি করলেও তাদের অধিকাংশ বিশ্ববিদ্যালয়েরই ছাত্র ছিলেন।

অপরাধের সত্যতা অপরাধেয় বাংলার পাদদেশে আয়োজিত এই সংশ্লিষ্ট সমাবেশে বিশ্ববিদ্যালয়ের তিন পত্রিকার শিক্ষার্থী মামলা প্রত্যাহারের দাবিতে অংশ নেন। সমাবেশে শিক্ষকদের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক আ জা ম স আরফিন সিদ্দিক, অধ্যাপক আনোয়ার হোসেন, অধ্যাপক মুহাম্মদ সামাদ প্রমুখ। গতকালের সংশ্লিষ্ট সমাবেশে ছাত্রদল, ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, ছাত্র ফেডারেশন, ছাত্রনেত্রী, সমাজতান্ত্রিক ছাত্রসংগঠন ব্যাংলাদেশে সক্রিয় ছাত্র সংগঠনের নেতা-কর্মীরা অংশ নিয়ে অতিযুক্ত ছাত্রদের সঙ্গে সংশ্লিষ্ট জানান।

শিক্ষক সমিতির সভ্য: গতকাল বিকেল পাঁচটার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কালো দিবস পালন উপলক্ষে আন্দোলনা সভার আয়োজন করেছে।

শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক সদরুল আলম মামলা প্রত্যাহারের দাবি জানিয়ে বলেন, গত বছরের আগষ্টের ঘটনায় শিক্ষকেরা কোনো অন্যায় করেননি। শিক্ষকেরা সে দিন শিক্ষার্থীদের পাশে দাঁড়িয়েছিলেন। কিন্তু সরকার বিষয়টি স্বাভাবিকভাবে না নিয়ে উল্টো আচরণ করল। বাসা থেকে ধরে নিয়ে শাস্তি দিয়ে দিল। ওখন সরকার কিছুটা বাড়াবাড়িই করেছিল।

একই দাবি জানিয়ে সাধারণ সম্পাদক অধ্যাপক আনোয়ার হোসেন বলেন, 'সে দিন আমরা কোনো আন্দোলনের ডাক দিইনি। কিন্তু আমন্ত্রণেরই দায়ী করা হলো। কিন্তু সাধারণ ছাত্র-শিক্ষকের অহিংস আন্দোলনের সুবে আমাদের তারা আটকে রাখতে পারেনি। সেই ঘটনা থেকে সরকার কোনো শিক্ষা নেয়নি। তারা প্রতিহিংসাপরায়ণ হয়ে শিক্ষকদের ঠিকই শাস্তি দিয়েছে এবং এখনো একটি মামলা চালিয়ে গিয়ে ছাত্রদেরও শাস্তি দেওয়ার চেষ্টা করছে।

শিক্ষক সমিতির সভ্য আরও বক্তব্য দেন, অধ্যাপক হারুন-অর-রশিদ, অধ্যাপক আবতার-কামান, সিনাতি হুদা, মণিউর রহমান প্রমুখ।